গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
পার্সোনেল ম্যানেজমেন্ট-৩ শাখা
www.police.gov.bd

**অতীব জরুরি**

স্মারক নং-৪৪.০১.০০০০.১০৮.১২.৪০৩.২৬-১৬৫৫ তারিখ- ০৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয় : এএসআই (নিরস্ত্র) হতে এসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন প্রসঙ্গে।**

সূত্রঃ (ক) পুলিশ হেডকোয়ার্টার্স (আরঅ্যান্ডসিপি-১, শাখা), ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০০৭.২৬/৫২৪, তাং-৩০/০৪/২০২৬ খ্রি.
(খ) পুলিশ হেডকোয়ার্টার্স ( পার্সোনেল ম্যানেজমেন্ট-৩), ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.১০৮.১২.৪০৩.২৬/১৪২৬, তারিখ-০৩/০৫/২০২৬ খ্রি.
(গ) বরিশাল জেলার স্মারক নং-২২৮২, তারিখ-০৫/০৫/২০২৬ খ্রি.
(ঘ) পুলিশ হেডকোয়ার্টার্স (আরঅ্যান্ডসিপি-১, শাখা), ঢাকার স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০০৭.২৬/৮০৮, তাং-১৮/০৫/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে 'ছক-ক' এ বর্ণিত এএসআই (নিরস্ত্র)/খাদিজা খানম (বিপি-৯০১০১৩৬৪৯৭)-কে পদোন্নতি প্রদানের স্বার্থে বরিশাল জেলা হতে কেএমপি, খুলনায় বদলি আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

'ছক-খ' এ বর্ণিত পুলিশ সদস্যকে লক্ষ্মীপুর জেলা হতে কেএমপি, খুলনায় বদলি করা হলো। 'ছক-গ' এ উল্লিখিত পুলিশ সদস্যকে বরিশাল জেলায় বদলির আদেশ বাতিলপূর্বক লক্ষ্মীপুর জেলায় বদলি করা হলো।

**ছক-ক**

| ক্রম. | নাম, বিপি ও পদবি | জেলা/ইউনিট | বর্তমান কর্মরত জেলা/ইউনিট | নিজ জেলা | কেন্দ্রীয় মেধাক্রম |
|---|---|---|---|---|---|
| ১ | এএসআই (নিরস্ত্র)/খাদিজা খানম<br>বিপি-৯০১০১৩৬৪৯৭ | বরিশাল | বরিশাল | ঝালকাঠি | ৮৬ |

**ছক-খ পদোন্নতিযোগ্য এএসআই (নিরস্ত্র) এর নামের তালিকা**

| ক্রম. | নাম, বিপি ও পদবি | জেলা/ইউনিট | বর্তমান কর্মরত জেলা/ইউনিট | নিজ জেলা | কেন্দ্রীয় মেধাক্রম |
|---|---|---|---|---|---|
| ১ | এএসআই (নিরস্ত্র)/রাজীব বড়ুয়া<br>বিপি-৮৬০৬১০৫২৯৬ | লক্ষ্মীপুর | লক্ষ্মীপুর | চট্টগ্রাম | ৯৫ |

**ছক-গ পদোন্নতিযোগ্য কনস্টেবল এর নামের তালিকা**

| ক্রম. | নাম, বিপি ও পদবি | জেলা/ইউনিট | বর্তমান কর্মরত জেলা/ইউনিট | নিজ জেলা | কেন্দ্রীয় মেধাক্রম |
|---|---|---|---|---|---|
| ১ | কনস্টেবল/মোঃ ইমাম হোসেন<br>বিপি-৯৬১৮২১২১৪২ | পিরোজপুর | পিরোজপুর | ঝালকাঠি | ২০০৯ |

এমতাবস্থায়, 'ছক-ক' এ উল্লিখিত প্রার্থীর কেএমপি, খুলনার বদলি আদেশ বাতিল করতঃ 'ছক-খ' এ বর্ণিত উত্তীর্ণ এএসআই (নিরস্ত্র)-কে এসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত কেএমপি, খুলনায় এবং 'ছক-গ' এ উল্লিখিত কনস্টেবলের বরিশাল জেলার বদলি আদেশ বাতিলপূর্বক লক্ষ্মীপুর জেলা হতে এএসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা প্রতিপালনসাপেক্ষে জরুরি ভিত্তিতে বদলি/পদায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১. পদোন্নতির স্বার্থে বদলিকৃত ইউনিটে যোগদানের পর সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক পদোন্নতির আদেশ জারিপূর্বক পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য, জাতিসংঘ মিশনে কর্মরত এএসআই (নিরস্ত্র) এবং কনস্টেবল/নায়েকদের পদোন্নতির ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্স এর স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৩.০২১.১৪-৫৭৪৮ (১৩০); তারিখ-২৯ ডিসেম্বর ২০১৬ খ্রি. মূলে জারিকৃত নির্দেশনা অনুযায়ী পদোন্নতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২. যে সকল জেলা/ইউনিট হতে পদোন্নতিযোগ্য এএসআই (নিরস্ত্র)-কে এসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন করা হবে, তাদের বদলি/পদায়নের প্রেক্ষিতে সে সকল জেলা/ইউনিটে সৃষ্ট এএসআই (নিরস্ত্র)-এর শূন্যপদকে পদোন্নতিযোগ্য শূন্যপদ হিসাবে গণনা করতে হবে (অর্থ্যাৎ যে ইউনিটে কর্মরত থাকাকালীন পদোন্নতির আদেশ হয়েছে সে ইউনিটে এএসআই (নিরস্ত্র) এর পদোন্নতিযোগ্য শূন্যপদ সৃষ্টি হবে)। বিধায় সৃষ্ট এএসআই (নিরস্ত্র) এর পদোন্নতিযোগ্য শূন্যপদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত সমসংখ্যক (অর্থ্যাৎ যতসংখ্যক এএসআই (নিরস্ত্র)-কে পদোন্নতি প্রদানের লক্ষ্যে বদলি/পদায়ন করা হবে) কনস্টেবল/নায়েককে বদলি/পদায়ন করতে হবে;

৩. যে সকল জেলা/ইউনিট হতে পদোন্নতিযোগ্য নায়েককে এএসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন করা হবে, তাদের বদলি/পদায়নের প্রেক্ষিতে সে সকল জেলা/ইউনিটে সৃষ্ট নায়েক এর শূন্যপদকে পদোন্নতিযোগ্য শূন্যপদ হিসাবে গণনা করতে হবে (অর্থ্যাৎ যে ইউনিটে কর্মরত থাকাকালীন পদোন্নতির আদেশ হয়েছে সে ইউনিটে নায়েক এর পদোন্নতিযোগ্য শূন্যপদ সৃষ্টি হবে)। এ ক্ষেত্রে পদোন্নতির আদেশপ্রাপ্ত নায়েককে ছাড়পত্র প্রদানের সাথে সাথে সৃষ্ট নায়েক এর পদকে পদোন্নতিযোগ্য শূন্যপদ ঘোষণা করে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর ফেরত ফ্যাক্স বার্তায় (ফ্যাক্স নং ০২-২২৩৩৫৫৩১৯) অবহিত করতে হবে। এ ক্ষেত্রে বদলিজনিত শূন্যপদ ঘোষণার কোনো সুযোগ থাকবে না;

৪. যে সকল জেলা/ইউনিট হতে পদোন্নতিযোগ্য কনস্টেবলকে এএসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন করা হবে, তাদের বদলি/পদায়নের প্রেক্ষিতে সে সকল জেলা/ইউনিটে সৃষ্ট কনস্টেবল এর শূন্যপদকে পদোন্নতিযোগ্য শূন্যপদ হিসাবে গণনা করতে হবে (অর্থাৎ যে ইউনিটে কর্মরত থাকাকালীন পদোন্নতির আদেশ হয়েছে সে ইউনিটে কনস্টেবল এর পদোন্নতিযোগ্য শূন্যপদ সৃষ্টি হবে)। এ ক্ষেত্রে পদোন্নতির আদেশপ্রাপ্ত কনস্টেবলকে ছাড়পত্র প্রদানের সাথে সাথে সৃষ্ট কনস্টেবল এর পদকে প্রকৃত শূন্যপদ ঘোষণা করে অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-

১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর ফেরত ফ্যাক্স বার্তায় (ফ্যাক্স নং ০২-২২৩৩৫৫৩১৯) অবহিত করতে হবে। এ ক্ষেত্রে বদলিজনিত শূন্যপদ ঘোষণার কোনো সুযোগ থাকবে না;

৫. বিভাগীয় পদোন্নতি পরীক্ষায় উত্তীর্ণ কেন্দ্রীয় মেধাতালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীকে যে শূন্য পদের বিপরীতে বদলি করা হবে সে পদটি শূন্য হওয়া সাপেক্ষে পদোন্নতি প্রদান করতে হবে;

৬. যে সকল জেলা/ইউনিটে এএসআই (নিরস্ত্র)-কে এসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত এবং কনস্টেবল/নায়েককে এএসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন করা হবে তাদেরকে পদোন্নতি প্রদানের অব্যবহিত পরে পদোন্নতি প্রদানের জেলা/অফিস আদেশ উল্লেখপূর্বক অ্যাডিশনাল ডিআইজি (আরঅ্যান্ডসিপি-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর ফ্যাক্স বার্তায় (ফ্যাক্স নং ০২-২২৩৩৫৫১৩৯) অবহিত করতে হবে;

৭. যে সকল জেলা/ইউনিটে এসআই (নিরস্ত্র) এবং এএসআই (নিরস্ত্র) এর পদোন্নতিযোগ্য শূন্যপদের বিপরীতে পদোন্নতি প্রদানের নিমিত্ত এএসআই (নিরস্ত্র) এবং কনস্টেবল/নায়েককে প্রেরণ করা হবে শূন্যপদ সংশ্লিষ্ট জেলা যদি সে সকল এএসআই (নিরস্ত্র) এবং কনস্টেবল/নায়েকের নিজ জেলা হয় তাদের পদোন্নতির ক্ষেত্রে পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৩. ০১৭.১৯/৪০৮; (১৪৫) তারিখ-১৭ আগস্ট ২০২০ খ্রি. মূলে জারীকৃত পত্রের নির্দেশনা মোতাবেক উক্ত জেলার বিপরীতে পদোন্নতি প্রদানকরত তাৎক্ষণিকভাবে অন্যত্র বদলি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

৮. যে সকল জেলা/ইউনিটে যতসংখ্যক কনস্টেবল/নায়েককে এএসআই (নিরস্ত্র) পদে পদোন্নতি প্রদানের নিমিত্ত বদলি/পদায়ন করা হবে তাদেরকে পদোন্নতি প্রদানের পর পুলিশ হেডকোয়ার্টার্সের স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.০৪.০১৭.১১-৩০৪০; তারিখ-০৭ অক্টোবর ২০১৫ খ্রি. পরিপত্র নং-৫/২০১৫ মূলে জারিকৃত পত্রের নির্দেশনা মোতাবেক শিক্ষানবিশ ঘোষণাকরণসহ স্থায়ীকরণের ক্ষেত্রে বিদ্যমান নির্দেশনা প্রতিপালন করতে হবে;

৯. পদায়নকৃতদের মধ্য হতে যদি কোন কনস্টেবল/নায়েক/এএসআই (নিঃ) ইতোমধ্যে অন্যকোন রেঞ্জ/ইউনিটে বদলি হয়ে থাকেন তবে তাদের পদায়নের নিমিত্ত জরুরী ভিত্তিতে ছাড়পত্র প্রদানের জন্য বর্তমান ইউনিটকে অবহিতকরণ ও বর্তমান ইউনিটকে এতদসংক্রান্তে প্রয়োজনীয় ব্যবস্তাগ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং

১০. বদলিকৃত পুলিশ সদস্যদের মধ্যে ইতোমধ্যে কেউ পুলিশ হেডকোয়ার্টার্সের আদেশে অন্যত্র বদলি অথবা সংযুক্ত হয়ে থাকলে পূর্বের বদলি/সংযুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর/-
(মোঃ জামিরুল ইসলাম)
বিপি নং-৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

স্মারক নং-৪৪.০১.০০০০.১০৮.১২.৪০৩.২৬-১৬৫৫/১(১১)

তারিখ- ০৫ জৈষ্ঠ্য ১৪৩২ বঙ্গাব্দ
১৯ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা
২. ডিআইজি, চট্টগ্রাম/বরিশাল রেঞ্জ, বাংলাদেশ পুলিশ
৩. অ্যাডিশনাল ডিআইজি (রিক্রুটমেন্ট অ্যান্ড ক্যারিয়ার প্ল্যানিং-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. অ্যাডিশনাল ডিআইজি (ট্রেনিং-৩ শাখা), বাংলাদেশ পুলিশ, পুলিশ.হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. এআইজি (পিআইএমএস), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা **বাংলাদেশ পুলিশের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ করা হলো।**
৭. পুলিশ সুপার, বরিশাল/পিরোজপুর/লক্ষ্মীপুর জেলা
৮. অফিস কপি

১৯.০৫.২০২৬

(মোঃ জামিরুল ইসলাম)
বিপি নং-৮১১০১২৬৮৮০
এআইজি (পার্সোনেল ম্যানেজমেন্ট-৩)
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
E-mail:aigpm3@police.gov.bd